

রাজনীতি

রুমিন ফারহানার মধ্যে শেখ হাসিনার ছায়া দেখেন রাশেদ খান

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর ২০২৬, ০৭:২০ PM



প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান বলেছেন, বিএনপির সংসদ সদস্য রুমিন ফারহানার মধ্যে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছায়া দেখা যায়।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

রাশেদ খান বলেন, নিষিদ্ধ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসাইনের ফেসবুক পোস্টের সঙ্গে রুমিন ফারহানার পোস্টের কোনো পার্থক্য নেই। এ কারণে জাতীয় সংসদে আওয়ামী লীগের একমাত্র যোগ্য প্রতিনিধি হিসেবে রুমিন ফারহানাকে উল্লেখ করেন তিনি।

রাশেদ খান আরও লেখেন, রুমিন ফারহানার এমন প্যারফরম্যান্স দেখে শেখ হাসিনা তাঁকে আওয়ামী লীগের বাংলাদেশ শাখার সভানেত্রীর দায়িত্ব দিতে পারেন।

রুমিন ফারহানার সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করে রাশেদ খান বলেন, তাঁর গতকালের বক্তব্য অতীতের বক্তব্যের সঙ্গে সাংঘর্ষিক। ২০২৬ সালের জাতীয় নির্বাচনে মনোনয়ন পাওয়ার আগে এবং ২০১৮ সালের নির্বাচনে বিএনপির পক্ষ থেকে সংরক্ষিত নারী সংসদ সদস্য হওয়ার পর জাতীয় সংসদে আওয়ামী লীগের বিরুদ্ধে দেওয়া বক্তব্যের ‘ফটোকপি’ তিনি এবার বিএনপির বিরুদ্ধে তুলে ধরেছেন বলে মন্তব্য করেন রাশেদ খান।

রুমিন ফারহানার বক্তব্যে জামায়াতে ইসলামীর আমির উৎসাহ দিয়েছেন বলেও উল্লেখ করেন তিনি। রাশেদ খান বলেন, কিছুদিন আগে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদের বক্তব্যের সময় জামায়াতের ৯০ জন সংসদ সদস্য হট্টগোল করেছিলেন। নিজেদের গুরু করা রাজনৈতিক সংস্কৃতির বিরুদ্ধে কথা বলা তাই বেমানান।

জামায়াতের সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদের বক্তব্যেরও সমালোচনা করেন রাশেদ খান। তিনি বলেন, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপি সরকারের সমালোচনা করতে গিয়ে শফিকুল ইসলাম মাসুদ মূলত নিজের দিকেই অভিযোগ ফিরিয়ে এনেছেন। ওই সরকারের কৃষিমন্ত্রী ছিলেন জামায়াতের নেতা মাওলানা মতিউর রহমান নিজামী। সেটি ছিল বিএনপি-জামায়াতের জোট সরকার।

রাশেদ খান আরও বলেন, পরিস্থিতি দেখে মনে হচ্ছে জাতীয় সংসদে জামায়াতের সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদ, হাসনাত আব্দুল্লাহ ও স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা ‘আওয়ামী বয়ানের পক্ষে জোট’ বেঁধেছেন।

তবে রুমিন ফারহানা নির্বাচনের আগে হাসনাত আব্দুল্লাহকে ‘ফকিহ্নির বাচ্চা’ বলে সম্বোধন করেছিলেন বলেও স্মরণ করিয়ে দেন রাশেদ খান।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের শুধু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/rumin-farhanar-mdhje-shekh-hasinar-chhaya-dekhen-rashed-khan>